গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৭জি/৮০৯(ক-৩)/২০০৫/১৪৫৫/৭ তারিখ: ৮/১২/২০২০ খ্রি:

## অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন চান্দখালী মোশারফ হোসেন কলেজের নিম্ন বর্ণিত প্রদর্শক-এর নামের বানান, জন্ম তারিখ ও ব্যাংক হিসাব নম্বর সংশোধনের জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

| ক্রমিক নং | শিক্ষকের নাম, পদবি, ইনডেক্স ও প্রতিষ্ঠানের নাম | এমপিওতে নাম/জন্মতারিখ/ব্যাংক হিসাব | দাবীকৃত নাম/জন্ম তারিখ/ব্যাংক হিসাব সনদ ও ব্যাংক প্রত্যয়ন অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | জনাব মানছুরা আকতার<br>প্রদর্শক (আইসিটি)<br>ইনডেক্স নম্বর- ৩০০৮৬০৯<br>চান্দখালী মোশাররফ হোসেন ডিগ্রি কলেজ, বরগুনা। | **MONSHUR AKTER**<br>০১/০১/১৯৭৭<br>T-২৫৭৩ | **MANSURA AKTER**<br>০১/০৭/১৯৭৭<br>T-২৬০৫ | |

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে জরুরী ভিত্তিতে সরেজমিন তদন্ত করে ০২ (দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য উপপরিচালক পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল-কে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

**স্বাক্ষরিত/-**
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৪

উপপরিচালক (কলেজ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-৭জি/৮০৯(ক-৩)/২০০৫/ তারিখ: /১২/২০২০ খ্রি:

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
২. বিভাগীয় হিসাবরক্ষণ নিয়ন্ত্রক, বরিশাল;
৩. সভাপতি, পরিচালনা পরিষদ, চান্দখালী মোশারফ হোসেন কলেজ, বেতাগী, বরগুনা;
৪. অধ্যক্ষ, চান্দখালী মোশারফ হোসেন কলেজ, বেতাগী, বরগুনা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬. জনাব মানছুরা আকতার, প্রদর্শক (আইসিটি), চান্দখালী মোশারফ হোসেন কলেজ, বেতাগী, বরগুনা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৭. সংরক্ষণ নথি।

8.12.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

**অফিস আদেশ**

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.২০১৯/ ১৫৫৫/৯ তারিখ: ২২/১২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন দুলারহাট আদর্শ কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব হাসনা হেনা-এর নিয়োগ সংক্রান্ত বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ।

সূত্রঃ ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৯.২০১৭ (খন্ড-১)/৯৪, তারিখ: ১১/০৬/২০২০খ্রি.
২. রিট পিটিশন নং-৬৮২৩/২০২০ (ভার্চুয়াল কোর্ট রিট পিটিশন নং-২৭৬/২০২০)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলার দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব হাসনা হেনা নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করলেও অন্য একজনের এমপিও সুপারিশ করা এবং বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তাকে তদন্ত কাজে অসহযোগিতা করায় শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১ নং পত্রের খ অংশে প্রভাষক (সমাজবিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অর্জনকারী জনাব হাসনা হেনা এর নিয়োগ নীতিমালা অনুযায়ী প্যাটার্ণের শূণ্যপদের বিপরীতে ছিল কিনা; বিধি মোতাবেক তার নিয়োগ সঠিকভাবে হয়েছিল কিনা। সেই বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেছেন। ০২ নং সূত্র মোতাবেক অধ্যক্ষ উক্ত পত্রের বিরুদ্ধে রিট পিটিশন দায়ের করেন। বর্ণিত বিষয়ে আইন উপদেষ্টা মতামত প্রদান করেন:

**বিজ্ঞ আইন উপদেষ্টার পর্যালোচনা:**

ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ''দুলারহাট আদর্শ কলেজের'' অধ্যক্ষের অবাধ্যতার এবং নিয়োগ প্রক্রিয়ায় অনিয়মের বিষয়ে অধ্যক্ষ জনাব এ কে এম শাহে আলম এর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। এর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিগত ১১/০৬/২০২০ তারিখের পত্রে অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং প্রভাষক (সমাজবিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অর্জনকারী জনাব হাসনা হেনার বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আদেশ চ্যালেঞ্জ করে অধ্যক্ষ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮২৩/২০২০ (ভার্চুয়াল কোর্ট রিট পিটিশন নং-২৭৬/২০২০) দায়ের করেন। উক্ত রিট পিটিশনে বিগত ১৫/০৭/২০২০ তারিখের আদেশে মহামান্য ভার্চুয়াল কোর্ট শিক্ষা মন্ত্রণালয়ের ১১/০৬/২০২০ তারিখের পত্রের অধ্যক্ষের বেতন (এমপিও) সাময়িকভাবে স্থগিতকরণের অংশকে স্থগিত করেন। একইসাথে মহামান্য আদালত শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে চুড়ান্ত সিদ্ধান্ত নেয়ার জন্য বিধি মোতাবেক প্রসিডিং (Proceeding) কার্যক্রম চালু রাখার জন্য বিবাদীগণ-কে পূর্ণ স্বাধীনতা প্রদান করেন।

**উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে, অধ্যক্ষের এমপিও স্থায়িভাবে বন্ধকরণের কারণ দর্শানোর প্রক্রিয়া চলমান রেখে অধ্যক্ষের বিরুদ্ধে প্রসিডিং (Proceeding) কার্যক্রম চালানো যাবে। উল্লেখ্য যে, কার্যক্রম গ্রহণ শেষে বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে"।**

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব হাসনা হেনা-এর নিয়োগ প্রক্রিয়ার সঠিকতা এবং প্রাপ্যতার বিষয়ে সুস্পষ্ট মতামত প্রয়োজন।

এমতাবস্থায়, ভোলা জেলার চরফ্যাশন উপজেলার দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব হাসনা হেনা-এর নিয়োগ প্রক্রিয়া সঠিকতা এবং প্রাপ্যতা বিষয়ে সরেজমিন তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল-কে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

**স্বাক্ষরিত/-**
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ:
০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।
০২। সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.২০১৯/ ১৫৫৫/৯ তারিখ: ২২/১২/২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল;
৩. সভাপতি, পরিচালনা পরিষদ, দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ, চরফ্যাশন, ভোলা;
৪. জেলা শিক্ষা অফিসার, ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ);
৫. শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা; (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ);
৬. অধ্যক্ষ, দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ, চরফ্যাশন, ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন. ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ);
৮. জনাব হাসনা হেনা, প্রভাষক (সমাজবিজ্ঞান), দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ, চরফ্যাশন, ভোলা; (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৯. সংরক্ষণ নথি।

22.12.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

C:/Bhola. Later/(76)/